গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ / ০৫ মার্চ ২০২৬

বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করা প্রয়োজন। সকল সরকারি, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা ও কর্পোরেশনসহ সকল অফিসসমূহে কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিত করা প্রয়োজন। এ লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।
- বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে।
- অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে।
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।
- বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে।
- যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।
- গাড়ির ব্যবহার সীমিত করতে হবে।
- জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

২। উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্ব স্ব নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫/০৩/২০২৬

(তানিয়া আফরোজ)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
২। কমিশনার (সকল বিভাগ)।
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগগণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, ঢাকা-১২১৬

নম্বর : ১৫.৫৫.০০০০.০০০.৩০১.১৮.০০৮৮.২৬. ৫৩৮

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ / ১০ মার্চ ২০২৬

বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাঙ্কন করা হলো।

১০.০৩.২৬

মো: আবু মুসা সরকার
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০৭৯৪৫৪

বিতরণ:

১। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন/প্রশিক্ষণ অনুষ্ঠান/প্রশিক্ষণ প্রকৌশল), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
২। সকল কর্মকর্তা-কর্মচারী, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৩। উপপরিচালক (গবেষণা, চ:দা:), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (পৃষ্ঠাংকন পত্রটি ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

E:\Admin-1\এনডোর্সমেন্ট\পত্র.docx